# আখেরাত সিরিজ–৫

## আখেরাত পর্ব–২

## আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

## বিসমিল্লাহি রহমানির রহীম

আখেরাত সিরিজ-১ এ আখেরাতের ৩২ টি নাম উল্লেখ করা হয়েছে। ৩২ টি ২য়টি ‘আখেরাত’ আজকের আলোচনার বিষয়।

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা আলে ইমরান ৩:২২**

১. দুনিয়া ও আখেরাতে তাদের (যারা কুফরী করে) সমস্ত আমল নিষ্ফল হয়ে যাবে, আর তাদের কোনো সাহায্যকারী থাকবে না।

أُولَٰئِكَ الَّذِينَ حَبِطَتْ أَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَمَا لَهُم مِّن نَّاصِرِينَ ﴿٢٢﴾

**এইসব লোক, ইহাদের কার্যাবলী দুনিয়া ও আখেরাতে নিস্ফল হইবে এবং তাহাদের কোনো সাহায্যকারী নাই। (সূরা আলে ইমরান ৩:২২)**

Click here http://www.morningbrightness.fi/

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা আলে ইমরান ৩:৪৫**

২. সে (ঈসা ইবনে মরিয়ম) হবে দুনিয়া ও আখেরাতে সম্মানিত।

إِذْ قَالَتِ الْمَلٰٓئِكَةُ يٰمَرْيَمُ إِنَّ اللّٰهَ يُبَشِّرُكِ بِكَلِمَةٍ مِّنْهُ ۖ اسْمُهُ
الْمَسِيْحُ عِيْسَى ابْنُ مَرْيَمَ وَجِيْهًا فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ وَمِنَ
الْمُقَرَّبِيْنَ ۙ ﴿٤٥﴾

**স্মরণ করো, যখন ফিরিশতাগণ বলিল, হে মারইয়াম! নিশ্চয়ই আল্লাহ তোমাকে তাহার পক্ষ হইতে একটি কালেমার সুসংবাদ দিতেছেন। তাহার নাম মাসিহ মারইয়াম-তনয় ঈসা, সে দুনিয়া ও আখেরাতে সম্মানিত এবং সান্নিধ্যপ্রাপ্তগনের অন্যতম হইবে। (সূরা আলে ইমরান ৩:৪৫)**

**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:** **সূরা আলে ইমরান ৩:৫**

৩. তবে, যারা কুফরীতে লিপ্ত হবে, তাদেরকে আমি আযাব দেব কঠিন আযাব দুনিয়া ও আখেরাতে।

فَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا فَاُعَذِّبُهُمْ عَذَابًا شَدِيْدًا فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۖ
وَمَا لَهُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٥٦﴾

**যাহারা কুফরি করিয়াছে আমি তাহাদেরকে দুনিয়া ও আখেরাতে কঠোর শাস্তি প্রদান করিব এবং তাহাদের কোন সাহায্যকারী নাই। (সূরা আলে ইমরান ৩:৫৬)**

<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u> <u>সূরা আলে ইমরান ৩:৭৭</u>

৪. যারা আল্লাহর সাথে অঙ্গীকার ও নিজেদের শপথকে তুচ্ছ মূল্যে বিক্রয় করে, আখেরাতে তাদের কোন অংশ নেই।

إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثَمَنًا قَلِيلًا أُولَٰئِكَ لَا
خَلَاقَ لَهُمْ فِي الْآخِرَةِ وَلَا يُكَلِّمُهُمُ اللَّهُ وَلَا يَنْظُرُ إِلَيْهِمْ يَوْمَ
الْقِيَامَةِ وَلَا يُزَكِّيهِمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٧٧﴾

**যাহারা আল্লাহর সঙ্গে কৃত প্রতিশ্রুতি এবং নিজেদের শপথকে তুচ্ছ মূল্যে বিক্রয় করে পরকালে তাহাদের কোন অংশই নাই। কিয়ামতের দিন আল্লাহ তাহাদের সঙ্গে কথা বলিবেন না এবং তাহাদের দিকে চাহিবেন না এবং তাহাদেরকে পরিশুদ্ধ করিবেন না; তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে। (সূরা আলে ইমরান ৩:৭৭)**

<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u> <u>সূরা আলে ইমরান ৩:৮৫</u>

৫. যে ইসলাম ছাড়া কোনো দীন (ধর্ম, মতাদর্শ) গ্রহণ করতে চাইবে, তা গ্রহণ করা হবে না। আখেরাতে সে হবে ক্ষতিগ্রস্থ।

وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي
الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ ﴿٨٥﴾

**কেহ ইসলাম ব্যতীত অন্য কোনো দীন গ্রহণ করিতে চাহিলে তাহা কখনো কবুল করা হইবে না এবং সে হইবে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত। (সূরা আলে ইমরান ৩:৮৫)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>** **<u>সূরা আলে ইমরান ৩:১১৪</u>**

৬. তারা ঈমান রাখে আল্লাহর প্রতি, আখেরাতের দিনের প্রতি এবং তারা ভালো কাজের আদেশ করে, মন্দ কাজ থেকে বারণ করে এবং মানব কল্যাণ তৎপর থাকে, এরা সালেহ লোকদের অন্তর্ভুক্ত।

يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَيَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ
الْمُنْكَرِ وَيُسَارِعُوْنَ فِي الْخَيْرٰتِ ؕ وَاُولٰٓئِكَ مِنَ الصّٰلِحِيْنَ ﴿١١٤﴾

**তাহারা আল্লাহ এবং শেষ দিনে বিশেষ করে, সৎকাজের নির্দেশ দেয়, অসৎকাজে নিষেধ করে এবং তাহার কল্যানকর কাজে প্রতিযোগিতা করে। তাহারাই সজ্জনদের অন্তর্ভুক্ত। (সূরা আলে ইমরান ৩:১১৪)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>** **<u>সূরা আলে ইমরান ৩:১৪৫</u>**

৭. যে দুনিয়ার সওয়াব (পুরস্কার) চায়, আমরা তাকে তা থেকে কিছু দেই, আর যে আখেরাতে সওয়াব চায় আমরা তাকে সেখান থেকে দেব।

وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تَمُوْتَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ كِتٰبًا مُّؤَجَّلًا ؕ وَمَنْ يُّرِدْ
ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهٖ مِنْهَا ۚ وَمَنْ يُّرِدْ ثَوَابَ الْاٰخِرَةِ نُؤْتِهٖ
مِنْهَا ؕ وَسَنَجْزِي الشّٰكِرِيْنَ ﴿١٤٥﴾

**আল্লাহর অনুমতি ব্যতিত কাহারও মৃত্যু হইতে পারে না, যেহেতু উহার মেয়াদ অবধারিত। কেহ পার্থিব পুরস্কার চাহিলে আমি তাহাকে তাহার কিছু দেই এবং কেহ পারলৌকিক পুরস্কার চাহিলে আমি তাহাকে তাহার কিছু দেই এবং শিগ্রী কৃতজ্ঞদের পুরস্কৃত করিব। (সূরা আলে ইমরান ৩:১৪৫)**

<u>**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আলে ইমরান ৩:১৪৮**</u>

৮. ফলে আল্লাহ তাদের (ঈমানদারদের) দান করেন দুনিয়ার সওয়াব (পুরস্কার) এবং আখেরাতের উত্তম সওয়াব।

فَاٰتٰىهُمُ اللّٰهُ ثَوَابَ الدُّنْيَا وَحُسْنَ ثَوَابِ الْاٰخِرَةِ ؕ وَاللّٰهُ يُحِبُّ
الْمُحْسِنِيْنَ ۝١٤٨

**অতঃপর আল্লাহ তাহাদেরকে পার্থিব পুরস্কার দান করেন এবং আখিরাতে উত্তম পুরস্কার রয়েছে। আল্লাহ সৎকর্মপরায়ণদের ভালবাসেন। (সূরা আলে ইমরান ৩:১৪৮)**

<u>**পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে: সূরা আলে ইমরান ৩:১৫২**</u>

৯. (আল্লাহ ঈমানদারদের জন্য ওহুদ যুদ্ধের পর্যালোচনা করছেন) তোমাদের কিছুলোক দুনিয়া চাইছিল আর কিছুলোক চাইছিল আখেরাত।

وَلَقَدْ صَدَقَكُمُ اللّٰهُ وَعْدَهٗۤ اِذْ تَحُسُّوْنَهُمْ بِاِذْنِهٖ ۚ حَتّٰۤى اِذَا فَشِلْتُمْ
وَتَنَازَعْتُمْ فِى الْاَمْرِ وَعَصَيْتُمْ مِّنْۢ بَعْدِ مَاۤ اَرٰىكُمْ مَّا تُحِبُّوْنَ ؕ
مِنْكُمْ مَّنْ يُّرِيْدُ الدُّنْيَا وَمِنْكُمْ مَّنْ يُّرِيْدُ الْاٰخِرَةَ ۚ ثُمَّ
صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ ۚ وَلَقَدْ عَفَا عَنْكُمْ ؕ وَاللّٰهُ ذُوْ
فَضْلٍ عَلَى الْمُؤْمِنِيْنَ ۝١٥٢

**আল্লাহ তোমাদের সঙ্গে তাহার প্রতিশ্রুতি পূরণ করিয়াছিলেন যখন তোমরা আল্লাহর অনুমতিক্রমে তাহাদের বিনাশ করিতেছিলে, যে পর্যন্ত না তোমরা সাহস হারাইলে এবং নির্দেশ সমন্ধে মতভেদ সৃষ্টি করলে এবং যাহা তোমরা ভালোবাসো তাহা তোমাদের দেখাইবার পর তোমরা অবাধ্য হইলে। তোমাদের কতক ইহকাল চাহিতেছিলো এবং কতক পরকাল চাহিতেছিলো। অতঃপর তিনি পরীক্ষা করার জন্য তোমাদেরকে তাহাদের হইতে ফিরাইয়া দিলেন। অবশ্যই তিনি তোমাদেরকে ক্ষমা করিলেন এবং আল্লাহ মুমিনদের প্রতি অনুগ্রহশীল। (সূরা আলে ইমরান ৩:১৫২)**

**<u>পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:</u>** **<u>সূরা আলে ইমরান ৩:১৭৬</u>**

১০. আখেরাতে আল্লাহ তাদের (কাফেরদের) কোনো অংশ দেয়ার এরাদা করেন না।

وَلَا يَحْزُنْكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ ۚ إِنَّهُمْ لَنْ يَضُرُّوا
اللَّهَ شَيْئًا ۗ يُرِيدُ اللَّهُ أَلَّا يَجْعَلَ لَهُمْ حَظًّا فِي الْآخِرَةِ ۖ وَلَهُمْ
عَذَابٌ عَظِيمٌ ﴿١٧٦﴾

**যাহারা কুফরীতে ত্বড়িতগতি, তাহাদের আচরণ যেন তোমাকে দুঃখ না দেয়। তাহারা কখনো আল্লাহর কোনো ক্ষতি করিতে পারিবে না। আল্লাহ আখিরাতে তাহাদেরকে কোনো অংশ দিবার ইচ্ছা করেন না, তাহাদের জন্য মহাশাস্তি রহিয়াছে। (সূরা আলে ইমরান ৩:১৭৬)**

প্রিয় ভাই ও বোনের পবিত্র কুরআনে আল্লাহ তায়ালা অত্যন্ত দরদমাখা ভাষায় আমাদেরকে নসিহত করছেন, আল্লাহর উপর অবিচল ঈমান, আখেরাতের উপর দৃঢ় বিশ্বাস আনয়নের জন্যে এবং আল্লাহর ইবাদাত ও মানুষের কল্যাণ করার (আমলে সালেহ) জন্যে পবিত্র কোরআনে আখেরাতের অনেক আয়াত, অনুগ্রহপূর্বক এগুলো বারবার বুঝে বুঝে তেলাওয়াত করুন। চিন্তা করুন, মনে আল্লাহ ও আখেরাতের ভয় ও আশা পোষণ করুন। আল্লাহর করুণা ও দয়া প্রত্যাশা করুন। দোয়া করুন, আল্লাহ যেন আমাদেরকে সৎপথে পরিচালিত করেন।

**আমিন**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু**

**Click here http://www.morningbrightness.fi/**